

পরিকল্প নং ৩০১
রফিকুল হায়াত (মুনাফাসহ)

এটি একটি আকর্ষণীয় বীমা পরিকল্প। এ দেশের বেশির ভাগ লোকই স্বল্প আয়ের উপর নির্ভরশীল এবং মোট জনশক্তির একটি বিরাট অংশ বেকারত্বের অভিশাপে জর্জরিত। দেশের বর্তমান আর্থিক অবস্থার প্রেক্ষাপটে এ কথা নিশ্চিত করে কারও পক্ষে বলা সম্ভব নয়, তার বর্তমান আয় সবসময় একই রকম থাকবে। তাই এ পরিকল্পে মেয়াদের মধ্যেই গ্রাহককে তার বীমা অংকের একটি নির্দিষ্ট অংশ প্রদানের ব্যবস্থা রয়েছে। এ পরিকল্পের অধীনে পূর্ব নির্ধারিত মেয়াদের ৫ বছর পর প্রতি বছর বীমাগ্রাহককে আর্থিকভাবে সহায়তার বিধান রাখা হয়েছে।

বৈশিষ্ট্যঃ

- ১। বীমা মেয়াদের প্রথম পাঁচ বছর অতিক্রান্ত হওয়ার পর প্রতিবছর বীমা অংকের ১০% বীমাবৃত্তকে প্রদান করা এবং মেয়াদ শেষে অবশিষ্ট অংশ মুদারাবা পদ্ধতিতে অর্জিত মুনাফাসহ প্রদান করা হবে।
- ২। মেয়াদপূর্তির আগে এক বা একাধিক কিস্তির টাকা প্রদান করার পরও যদি বীমাবৃত্তের মৃত্যু ঘটে তাহলে (আল্লাহ না করুন) সম্পূর্ণ বীমা অংক মৃত্যুদিন পর্যন্ত অর্জিত মুনাফাসহ মনোনীতক (গণ) কে প্রদান করা হবে।

উদাহরণঃ ১,০০,০০০/- টাকা ১১ বছর মেয়াদী পলিসির ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ও ১০ম বছর শেষে বীমা অংকের ১০% অর্থাৎ ১০,০০০/- হারে মোট ৬০,০০০/- টাকা প্রদানের পর মেয়াদশেষে অর্থাৎ ১১ বছর পর অর্জিত মুনাফাসহ অবশিষ্ট ৪০,০০০/- টাকা প্রদান করা হবে।